



মঙ্গলবার

১৭ নভেম্বর ২০১৫ || ৩ অগ্রহায়ণ ১৪২২
৪ সফর ১৪৩৭
বর্ষ ১১ সংখ্যা ২২১

২০১৬ সালে শিক্ষার্থীরা পাবে ৩৩ কোটি ৩৭ লাখ নতুন বই

এম এইচ রব্বিন

২০১৬ সালে সরকার ৩৩ কোটি ৩৭ লাখ ৬২ হাজার ৭৬০ কপি পাঠ্যপুস্তক বিনামূলীে বিতরণ করবে। প্রাক-প্রাথমিক, প্রাথমিক, ইবতেদায়ি, দাখিল ও দাখিল ভোকেশনাল, মাধ্যমিক এবং এসএসসি ভোকেশনাল শ্রেণির শিক্ষার্থীর জন্য বই ছাপানো হচ্ছে। নতুন বছরের প্রথম ক্লাসেই নতুন বই পাবে শিক্ষার্থীরা।

প্রতি বছর ১ জানুয়ারি সারা দেশ পাঠ্যপুস্তক উৎসব করা হয়। ঐ দিন সব সরকারি-বেসরকারি স্কুলে ছেলে-মেয়েদের হাতে সরকারি উদ্যোগে বিতরণ করা হয় পাঠ্যপুস্তক। আগামী ১ জানুয়ারি শুক্রবার শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ থাকায় ২ জানুয়ারি শনিবার হতে পারে 'পাঠ্যপুস্তক উৎসব ২০১৬'।

শিক্ষার্থী নুরুল ইসলাম নাহিদ গতকাল সোমবার প্যারিসে রওনা দেওয়ার আগে আমাদের সময়ে জ্ঞান, প্রতিবছরের মতো এবারও সরকার নতুন বছরের প্রথম ক্লাসে শিক্ষার্থীদের হাতে নতুন বই তুলে দেবে। যথাসময়ে শিক্ষার্থীর হাতে বই পৌঁছাতে মুদ্রণ প্রতিষ্ঠানগুলোয় চলেছে নতুন বই ছাপা-বাইন্ডিং উৎসব। তৈরি হওয়া বই সঙ্গে সঙ্গে বিভিন্ন জেলা-উপজেলায় পৌঁছে যাচ্ছে।

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের (এনসিটিবি) তথ্যানুযায়ী, আগামী বছরের জন্য প্রাক-প্রাথমিক শ্রেণির জন্য ৬ কোটি ৫ লাখ ৭৭ হাজার ১৪২ কপি, প্রাথমিক (প্রথম-পঞ্চম) শ্রেণির জন্য ১০ কোটি ৮৭ লাখ ১৯ হাজার ৯৯৭ কপি, ইবতেদায়ি (মাদ্রাসা প্রাথমিক) ১ কোটি ৯২ লাখ ৫৫ হাজার ৬১৫ কপি, দাখিল ও দাখিল ভোকেশনাল শ্রেণির জন্য ৩ কোটি ৩৯ লাখ ৩৩ হাজার ৭৯৭ কপি, মাধ্যমিক ১ কোটি ৬৩ লাখ ৪ হাজার ৩৭৩ কপি এবং এসএসসি ভোকেশনালের জন্য ২২ লাখ ৭১ হাজার ৮৩৬ কপি সহ মোট ৩৩ কোটি ৩৭ লাখ ৬২ হাজার ৭৬০ কপি নতুন পাঠ্যপুস্তক ছাপানোর কাজ চলছে।

এনসিটিবির চেয়ারম্যান অধ্যাপক নারায়ণ চন্দ্র পাল আমাদের সময়ে বলেন, প্রতিবছর ১ জানুয়ারি প্রাথমিক, ইবতেদায়ি, মাধ্যমিক, দাখিল ও ক্লারিগরি স্তরের সকল ছাত্রছাত্রীর নতুন বই প্রাপ্তি আজ বাস্তবতা। পর পর ছয় বছর শিক্ষাবর্ষের প্রথম ক্লাসেই সারা দেশে সকল ছাত্রছাত্রীর হাতে বই পৌঁছে দেওয়া বর্তমান সরকারের সফলতার সবচেয়ে বড় উদাহরণ। আশা করি আগামী বছরও এই ধারাবাহিকতা থাকবে। এ লক্ষ্যে এনসিটিবির কর্মকর্তা-কর্মচারীরা দিনরাত নিরলস পরিশ্রম করে যাচ্ছেন।